



# গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়

সালনা, গাজীপুর ১৭০৬, বাংলাদেশ, টেলিফোন: ০২ ৯৯৬৬৯৫২৩, ফ্যাক্স ০২ ৯৯৬৬৯৫৩১৬

**GAZIPUR AGRICULTURAL UNIVERSITY**

SALNA, GAZIPUR 1706, BANGLADESH, TELEPHONE: 02 99669523, FAX: 02 996695316, Web: www.gau.edu.bd

স্মারক নং- গাকৃবি/একা/ এ-১৩১/২০২৫/৩৬২৪

তারিখ: ১৯.০৪.২০২৬ খ্রি.

## পিএইচডি ও পোস্ট ডক্টরাল প্রোগ্রামে ফেলোশিপ প্রদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়ের নিম্নলিখিত বিভাগসমূহে ছাত্র ভর্তি নীতিমালা অনুসরণপূর্বক পিএইচডি ও পোস্ট ডক্টরাল প্রোগ্রামে সামার ২০২৬ টার্মে ভর্তি হইতে ইচ্ছুক শিক্ষার্থীদের মধ্যে ৫ (পাঁচ) জন শিক্ষার্থীকে প্রতিযোগিতার মাধ্যমে বাছাই করে ফেলোশিপ প্রদানের নিমিত্তে দরখাস্ত আহ্বান করা যাইতেছে। পিএইচডি প্রোগ্রামে ৯ টার্ম (৩৬ মাস) এবং পোস্ট ডক্টরাল প্রোগ্রামে ১৮ মাস বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত হারে মাসিক ফেলোশিপ প্রদান করা হইবে।

**বিভাগসমূহ :** কৃষি সম্প্রসারণ ও গ্রামীণ উন্নয়ন; কৃষিতত্ত্ব; বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং; ফসল উদ্ভিদবিদ্যা; পরিবেশ বিজ্ঞান; কীটতত্ত্ব; কৌলিতত্ত্ব ও উদ্ভিদ প্রজনন; উদ্যানতত্ত্ব; উদ্ভিদ রোগতত্ত্ব; মৃত্তিকা বিজ্ঞান; বীজ বিজ্ঞান ও প্রযুক্তি; ডেয়ারি সায়েন্স; কৃষি অর্থনীতি; কৃষিবনায়ন ও পরিবেশ; খাদ্য প্রকৌশল।

আবেদনপত্র বিতরণ শুরু : ২০-০৪-২০২৬

আবেদনপত্র জমাদানের শেষ তারিখ : ০৫-০৫-২০২৬

বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট হতে (<https://gau.edu.bd/fgds/download-forms/>) ফেলোশিপের আবেদন ফরম সংগ্রহ করিয়া যথাযথভাবে পূরণপূর্বক গ্র্যাজুয়েট স্টাডিজ অনুষদীয় শিক্ষা শাখায় আবেদনপত্র জমা দিতে হইবে। উল্লেখ্য, গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়ে পিএইচডি প্রোগ্রামে অধ্যয়নরত স্কলারশিপবিহীন ছাত্র-ছাত্রীগণও উক্ত ফেলোশিপের জন্য আবেদন করিতে পারিবেন। ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.gau.edu.bd](http://www.gau.edu.bd) এ পাওয়া যাইবে।

(প্রফেসর ড. মো. তোফাজ্জল ইসলাম)

ডীন, গ্র্যাজুয়েট স্টাডিজ অনুষদ

ও

সদস্য সচিব, ছাত্র ভর্তি কমিটি (গ্র্যাজুয়েট প্রোগ্রাম)

ফোন: ৯৯৬৬৯৫৩১৫